

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৭১১৮/৩১৭

তারিখ : ১০-০১-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতিপত্র বাতিল করা প্রসঙ্গে

সূত্র : বিগত ০৫-০১-২০২৩ খ্রি. তারিখে জনাব সৈয়দা নাদিরা লাইজু এর আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন ফুলবাড়ী এইচ. এম. আর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি জনাব সৈয়দা নাদিরা লাইজু গত ০৫-০১-২০২৩ খ্রি. তারিখে উক্ত বিদ্যালয়ের এডহক কমিটি গঠনের অনুমতি বাতিলের আবেদন দাখিল করেন। তিনি তার আবেদনে উল্লেখ করেন, বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, মাগুরা সদর, মাগুরায় ওসি ২০৯/২০১৮ নম্বর মোকদমা চলমান এবং উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুস ছালাম দুর্নীতির দায়ে সাময়িক বরখাস্ত আছেন। নথি পর্যালোচনায় দেখা যায় বর্ণিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ১১-১০-২০২২ খ্রি. তারিখে সাময়িক বরখাস্তের বিষয় গোপন করে এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন দাখিল করেন, কিন্তু উক্ত তারিখে তিনি সাময়িক বরখাস্ত থাকায় এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করার সুযোগ ছিলো না। এমতাবস্থায় যথাযথ নিয়মে পুনরায় এডহক কমিটি গঠনের অনুমতি প্রার্থনা করার শর্তে বিগত ১৫-১২-২০২২ খ্রি. তারিখের বিঅ-৬/৭১১৮/৩০৭ নম্বর স্মারকপত্রটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

সভাপতি

ফুলবাড়ী এইচ. এম. আর মাধ্যমিক বিদ্যালয় (১১৭৯৩৫)

ডাকঘর : ফুলবাড়ী, উপজেলা : মাগুরা সদর, জেলা : মাগুরা

স্বাক্ষর
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ১০-০১-২০২৩ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৭১১৮/৩১৭ (১-৭)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। প্রধান শিক্ষক, ফুলবাড়ী এইচ. এম. আর মাধ্যমিক বিদ্যালয়, ফুলবাড়ী, মাগুরা সদর, মাগুরা।
- ৭। সংরক্ষণ নথি।

স্বাক্ষর
১০/০১/২০২৩
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

স্বাক্ষর
১০/০১/২৩